# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 29 April, 2025

মুন্সীগঞ্জের টঙ্গিবাড়ী উপজেলার দিঘিরপার ইউনিয়নের মূলচর গ্রামে মাদক সেবনে বাধা দেওয়ায় কিশোর গ্যাংয়ের সদস্যদের বিরুদ্ধে একাধিক বাড়িঘরে হামলা ও লুটপাটের অভিযোগ উঠেছে।মঙ্গলবার (২৯ এপ্রিল) সকাল সাড়ে ৮টার দিকে এই ঘটনা ঘটে।

ভুক্তভোগী নাসির হালদার অভিযোগ করেন, তার বাড়িতে হামলা চালিয়ে ৫ ভরি স্বর্ণালঙ্কার ও নগদ দুই লাখ টাকা লুট করে নিয়েছে কিশোর গ্যাং সদস্যরা।সরেজমিনে দেখা গেছে, নাসির হালদারের বাড়ির দরজা, টিনের বেড়া এবং পাকা ভবনের থাই গ্লাস ভাঙচুর করা হয়েছে। ঘরের ভিতরে আলমারি ও সুকেচের কাপড়চোপড় ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে।

এক ভিডিও ফুটেজে দেখা যায়, দিঘিরপার এলাকার আলিফ (২০), ইয়াসিন (২২), সানি (২৩), লিমন (২৩), ইসমাঈল (১৮), কোবা (১৬), নজু (১৬) ও রাতুল (১৭) হাতে দেশীয় অস্ত্র, কাঠের ডাসা এবং চাকু নিয়ে নাসির হালদারের বাড়িতে প্রবেশ করেন এবং ব্যাপক ভাঙচুর চালান।

এছাড়া পাশের ট্রলার চালক হবি হালদারের বাড়িতেও হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটে।হবি হালদার জানান, “আমি নদীতে ট্রলার চালাই।ট্রলারঘাটে এসে ওরা প্রায়ই মাদক সেবন করে এবং আমাকে গালিগালাজ করে।আজ সকালে প্রতিবাদ জানালে নাসির হালদারকেও টেনে আনে, পরে আমাদের দুজনের বাড়িতেই হামলা চালায়।” নাসির হালদার বলেন, "আমি ওদের শুধুমাত্র বকাঝকার কারণ জানতে চেয়েছিলাম।এতে ক্ষিপ্ত হয়ে ১০-১২ জনের দল নিয়ে এসে আমার বাড়িঘর ভাঙচুর করে এবং মূল্যবান জিনিসপত্র লুট করে।"

স্থানীয়রা জানান, গত ৫ আগস্টের পর থেকে এই কিশোর গ্যাং আরও বেপরোয়া হয়ে উঠেছে। তারা মাদক সেবন ছাড়াও এলাকায় নানা অপরাধে জড়িয়ে পড়ছে।

এ বিষয়ে টঙ্গিবাড়ী থানার অফিসার ইনচার্জ (ওসি) মহিদুল ইসলাম বলেন, "বিষয়টি আমরা জেনেছি।ট্রলারঘাটে তর্কবিতর্ক থেকে বাড়িঘরে হামলার ঘটনা ঘটেছে।অভিযোগের ভিত্তিতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।"

কিশোর গ্যাংয় বাড়িঘর হামলা ও লুটপাট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:19

URL: https://www.timestodaybd.com/dhaka/1624775807